

■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৫০

১৮/ ভয়কালীন নামাজ (صلاة الخوف)

পরিচ্ছেদঃ ভয়কালীন সালাত

বাব

আরবী

أَخْبَرَنَا عَلَيْيُ بْنُ الْحُسَيْنِ الدِّرْهَمِيُّ، وَإِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قَالَا حَدَّثَنَا خَالِدٌ، قَالَ حَدَّثَنَا
عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ، عَنْ عَطَاءٍ، عَنْ جَابِرٍ، قَالَ شَهِدْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ فَقُمْنَا خَلْفَهُ صَفَّيْنِ وَالْعَدُوُّ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ فَكَبَرَ رَسُولُ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَرْنَا وَرَكَعَ وَرَفَعْنَا فَلَمَّا انْحَدَرَ لِلسُّجُودِ سَجَدَ
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ يَلْوَنُهُ وَقَامَ الصَّفُّ الثَّانِي حِينَ رَفَعَ رَسُولُ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِينَ يَلْوَنُهُ ثُمَّ سَجَدَ الصَّفُّ الثَّانِي حِينَ رَفَعَ رَسُولُ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَمْكِنَتِهِمْ ثُمَّ تَأَخَّرَ الصَّفُّ الَّذِينَ كَانُوا يَلْوَنَ النَّبِيَّ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ وَتَقَدَّمَ الصَّفُّ الْآخَرُ فَقَامَ فِي مَقَامِهِمْ وَقَامَ هُوَ لَاءِ فِي مَقَامِ الْآخَرِينَ قِيَامًا
وَرَكَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَكَعْنَا ثُمَّ رَفَعَ وَرَفَعْنَا فَلَمَّا انْحَدَرَ لِلسُّجُودِ سَجَدَ
الَّذِينَ يَلْوَنُهُ وَالآخَرُونَ قِيَامًا ثُمَّ رَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ يَلْوَنُهُ
سَجَدَ الْآخَرُونَ ثُمَّ سَلَّمَ .

বাংলা

১৫৫০। আলী ইবনু হাসান দিরহামী ইসমাইল ইবনু মাসউদ (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ভয়কালীন সালাতে উপস্থিত ছিলাম। আমরা তার পেছনে কাতারে দাঁড়িয়ে গেলাম, আর শক্ত বাহিনী আমাদের এবং কিবলার মধ্যবর্তী স্থানে ছিল। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর বললেন আর আমরাও তাকবীর বললাম। তিনি রংকু করলেন আর আমরাও রংকু করলাম। তিনি মাথা উঠালেন আর আমরাও মাথা উঠালাম। যখন তিনি সিজদায় যাওয়ার জন্য মাথা নত করলেন তখন তিনি (রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-ও সিজদা করলেন এবং তার কাছে যারা ছিল তারাও। যখন তিনি এবং তার কাতার যারা তার কাছে ছিল মাথা উঠালেন। তখন দ্বিতীয় কাতার দাঁড়িয়ে

গেল। তারপর দ্বিতীয় কাতার সিজদা করল নিজেদের স্থানেই যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা উঠালেন। তারপর ঐ কাতার পেছনে সরে গেল, যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ছিল। আর অন্য কাতার আগে বেড়ে গেল এবং তারা তাদের স্থানে দাঁড়িয়ে গেল। এরা অন্য গ্রন্থের স্থানে যথাযথভাবে দাঁড়িয়ে গেল। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু করলেন তো আমরাও রুকু করলাম। অতঃপর তিনি মাথা উঠালেন তো আমরাও মাথা উঠালাম। আর যখন তিনি সিজদার জন্য আনত মস্তক হলেন, যারা তার কাছে ছিল তারাও সিজদা করল এবং অন্যরা দাঁড়িয়ে রইল। আর যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা উঠালেন এবং তার সাথে যারা ছিল তারাও মাথা উঠালেন, অন্য গ্রন্থ সিজদা করল। তারপর তিনি সালাম ফিরালেন।

[সহীহ। সহীহ আবু দাউদ হাঃ ১১২৪, ১১৩৫, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৮২২]

English

It was narrated that Jabir said:

"We witnessed the fear prayer with the Messenger of Allah (ﷺ). We stood behind him in two rows, and the enemy was between us and the Qiblah. The Messenger of Allah (ﷺ) said the takbir. He bowed and we bowed, and he stood up again and we stood up. When he went down in prostration, the Messenger of Allah (ﷺ) and those who were closest to him prostrated, and the second row remained standing until the Messenger of Allah (ﷺ) and the row closest to him stood up. Then the second row prostrated when the Messenger of Allah (ﷺ) had stood up, where they were. Then the row that had been closest to the Prophet (ﷺ) moved back and the second row moved forward, each standing in the place where the other had been. The Prophet (ﷺ) bowed and we bowed, then he stood up and we stood up, and when he went down in prostration, those who were closest to him prostrated and the others remained standing. When the Messenger of Allah (ﷺ) and those who were closest to him sat up, the others prostrated, then he said the taslim."

ফুটনোট

[সহীহ। সহীহ আবু দাউদ হাঃ ১১২৪, ১১৩৫, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৮২২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন